

১. জগদলের দিন আনন্দময় হওয়ার কারণ কী?
২. কে অত্যন্ত ক্ষমতাসালী ছিলেন?
৩. তিন ভাইবোন কোথায় বসে গায়ে রোদ মাখে?
৪. বেঙ্গল টাইগারকে খানদানি বলা হয়েছিল কেন?
৫. হুমায়ুন আহমেদ কোন রোগে আক্রান্ত হয়ে মৃত্যুবরণ করেছিলেন?
৬. লেখকের বালক চিত্তে কোন বিষয়টি বেদনার সঞ্চার করে?
৭. কোন জায়গায় লেখকের স্বপ্নময় দিনগুলো কেটেছিল?
৮. লেখকের বাবা প্রতিদিন কোথায় বেড়াতে যান?
৯. সেই সময়ে জগদলে কোন রোগ কুখ্যাত ছিল?
১০. মহারাজার বাড়িতে ইলেকট্রিসিটির ব্যবস্থার জন্য কী ছিল?
১১. মহারাজার ছাপাখানা প্রয়োজন হতো কেন?
১২. লেখক তার বাবার সাথে কোন সময় পর্যন্ত ঘুরতেন?
১৩. লেখকের নিজেকে দৈত্যের মত মনে হতো কখন?
১৪. বেঙ্গল টাইগার সাপটিকে কীভাবে মেরে ফেলল?
১৫. দ্বিতীয় দিনে কুকুরটির কী অবস্থা হয়েছিল?

আজগর সাহেবের ছোট মেয়ে আদ্রিনা বাড়ির আঙিনায় খেলাধুলা করছে। খেলতে খেলতে পুকুরপাড়ে চলে যায় এবং হঠাৎ পুকুরে পড়ে যায়। সাঁতার না জানার কারণে প্রায় ডুবে মরতে বসেছিল সে। এ অবস্থা দেখে তাদের পোষা কুকুর এগিয়ে যায় এবং তাকে উদ্ধার করে পাড়ে তোলে। আদ্রিনাকে উদ্ধার করলেও কুকুরটি আজগর সাহেবের পালা কুমিরের ফাঁদে পড়ে জীবন হারায়।

ক) দাওয়ানের চিঠি লেখার জন্য মহারাজার বাড়িতে কী ছিল?

খ) লেখক আনন্দে ও আতঙ্কে শিউড়ে শিউড়ে উঠতেন কেন? বুঝিয়ে লিখ।

গ) উদ্দীপকের সাথে 'নিয়তি' গল্পের কার সাদৃশ্য রয়েছে? বর্ণনা কর।

ঘ) “উদ্দীপকের কুকুরটি ‘নিয়তি’ গল্পের কুকুরটির পরিণতি এক হলেও প্রেক্ষাপট ভিন্ন।” মন্তব্যটির যথার্থতা নিরূপণ করো।